বানান ও ব্যাকরণ শুদ্ধ করা– এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২১

tutorial.hamimit.com/বানান-ও-ব্যাকরণ-শুদ্ধ-করা-2

বানান ও ব্যাকরণ শুদ্ধ করা একটি গুরুত্বপূর্ণ কাজ। কারণ লেখায় যদি বানান ও ব্যাকরণ ভুল থাকে তবে তা কোথাও গ্রহণযোগ্য নহে।

ওয়ার্ড ডকুমেন্টে টেক্সট সংযোজনের সময় বানান ভুল হতেই পারে। অনেক সময় ব্যাকরণও ভুল হতে পারে।

এম এস ওয়ার্ড ২০১৬ প্রোগ্রামে বানান ও ব্যাকরণ শুদ্ধ করা একটি চমকপ্রদ ব্যবস্থা এবং এ ব্যবস্থাটি অত্যন্ত কার্যকর।


ডকুমেন্টে কাজ কাজ সম্পাদনের পর যে সমস্ত লেখার নিচে লাল দাগ দেখবেন বুঝবেন সেগুলোর বানান ভুল হয়েছে।

এবং যেগুলোর নিচে সবুজ দাগ দেখবেন বুঝবেন সেগুলোর ব্যাকরণ ভুল হয়েছে।

আর যেগুলির নিচে নীল দাগ রয়েছে বুঝবেন সেগুলোর বানান ঠিক আছে কিন্তু শব্দগুলো অপব্যবহৃত (Misused) হয়েছে।


কমান্ড ব্যবহার করে স্পেল ও গ্রামার শুদ্ধ করা

- কার্সর ডকুমেন্টের শুরুতে রাখুন।
- Review ট্যাব ক্লিক করুন।
- Proofing সেকশন হতে Spelling & Grammar বাটন ক্লিক করুন।



লক্ষ্য করুন, ভুল ডকুমেন্টের ভুল বানানটি সিলেক্ট হয়েছে। এবং ডকুমেন্টের ডানে প্রদর্শিত ডায়ালগ বক্সে ভুল বানানগুলোর সম্ভাব্যতম শুদ্ধ বানানগুলো প্রদর্শিত হয়েছে।

এবারে শুদ্ধ বানানটি নির্বাচন করুন এবং **Change** বাটনে ক্লিক করুন।



(এক্ষেত্রে যদি **Change All** বাটন ক্লিক করুন তবে ডকুমেন্টে একই ধরণের সকল ভুল বানানগুলো শুদ্ধ হয়ে যাবে। **Ignore** ক্লিক করলে বানানটি পূর্বের অবস্থায় থাকবে।)


Spelling & Grammar এর ডায়লগ বক্সের বিভিন্ন বাটনের কার্য বিবরণ নিম্নে বর্ণিত হলো:

- **Ignore**: বানানটি পূর্বের অবস্থায় থাকার জন্য।
- **Ignore All**: একই জাতীয় ভুলগুলো পূর্বের অবস্থায় থাকার জন্য।
- **Add**: নির্বাচিত বানানটি কম্পিউটারের ডিকশেনারিতে যুক্ত করার জন্য।
- **Change**: নির্বাচিত বানানটি সিলেক্টকৃত বানান দ্বারা পরিবর্তন করার জন্য।
- **Change All**: নির্বাচিত বানানটি ডকুমেন্টে আরো থাকলে সবগুলো সিলেক্টকৃত বানান দ্বারা পরিবর্তন করার জন্য।
- ডকুমেন্টের বানান ও ব্যাকরণ শুদ্ধ শেষ হলে **Ok** বাটন ক্লিক করুন।

বিস্তারিত জানতে ওপরের ভিডিও টিউটোরিয়াল দেখুন।

বানান ও ব্যাকরণ শুদ্ধ করা (মাউস ব্যবহার করে)

- ডকুমেন্টের যে বানানটি ভুল হয়েছে তা সিলেক্ট করুন।
- এবারে ভুল বানানটির ও মাউসের রাইট বাটন ক্লিক করুন।
- প্রদর্শিত ডায়ালগ বক্সে ঐ ভুল বানানের সম্ভাব্যতম শুদ্ধ বানানগুলো হতে প্রয়োজনীয় বানান সিলেক্ট করুন।



লক্ষ্য করুন, ভুল বানানটি সিলেক্ট করা শুদ্ধ বানান দ্বারা পরিবর্তিত হয়েছে।

কীবোর্ড শর্টকাট ব্যবহার – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২০

ফন্ট টাইপ ও সাইজ – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২২

বানান ও ব্যাকরণ শুদ্ধ করা টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে **এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে টেক্সট ফরমেট [Text Format] করবেন** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।

টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।